

# শেষ হলো অমর একুশে বইমেলা

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১২ এপ্রিল ২০২১, ২১:০০



ছবি: ইত্তেফাক।

দেশে করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় পূর্বনির্ধারিত সময়ের দুই দিন আগেই আজ সোমবার (১২ এপ্রিল) শেষ হলো এবারের অমর একুশে বইমেলা। প্রতিবছর ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারিতে অমর একুশে বইমেলা শুরু হলেও করোনা পরিস্থিতির অবনতির কারণে এ বছর এপ্রিল মার্চে শুরু হয় বইমেলা।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

গত ১৮ মার্চ থেকে শুরু হওয়া এই বইমেলা শুক্র ও শনিবার সকাল ১১টা থেকে রাত ৯টা এবং অন্যান্য দিন বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা চলছিল। পরে সেই সময় কমিয়ে রাত ৮টা পর্যন্ত করা হয়। পরবর্তীতে সরকারের ১৮ দফা নির্দেশনার ভিত্তিতে গত ৩১ মার্চ বইমেলার সময় কমানো হয়। তখন বলা হয়েছিল, ছুটির দিন ছাড়া অন্যান্য দিন বইমেলা

শুরু হবে বেলা ৩টায়। শেষ হবে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে। আর ছুটির দিন বেলা ১১টা থেকে  
শুরু হয়ে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত বইমেলা চলবে।

৩১ মার্চের আগ পর্যন্ত প্রতিদিন বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা চলত। তবে শুক্রবার  
ও ছুটির দিনে মেলা শুরু হতে বেলা ১১টা থেকে। এরপর ৪ এপ্রিল আবারো পরিবর্তন করা  
হয় বইমেলার সময়সূচি। সরকারের লকডাউনের সিদ্ধান্তের প্রেক্ষিতে অমর একুশে  
বইমেলা প্রতিদিন বেলা ১২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়।

এবারের বইমেলায় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতাসহ ৪৪৩টি প্রকাশনা সংস্থা লগ্নি  
করে ৯০ কোটি টাকা, বিক্রি হয়েছে ৩ কোটি ১১ লাখ ৯১ হাজার ৯২৮ টাকা। এমন  
পরিস্থিতিতে ক্ষতিপূরণে অন্তত ১০ কোটি বরাদ্দের দাবি করেছেন প্রকাশকরা।

ইত্তেফাক/এসআই